# বাংলা

# BENGALI

## PAPER—III

**NOTE:** This paper is of two hundred (200) marks containing four (4) sections. Candidates are required to attempt the questions contained in these sections according to the detailed instructions given therein.

नोट : यह प्रश्नपत्र दो सौ (200) अंकों का है एवं इसमें चार (4) खंड हैं। अभ्यर्थियों को इन में समाहित प्रश्नों का उत्तर अलग दिये गये विस्तृत निर्देशों के अनुसार देना है।

নোট : এই প্রশ্নপত্র দুশো (200) নম্বরের এবং এতে চারটি (4) খণ্ড আছে। পরীক্ষার্থীদের উত্তরগুলি যথাস্থানে প্রদত্ত নির্দেশানুসারে দিতে হবে।

www.examrace.com

## SECTION - I

**এই খণ্ডে নিম্নলিখিত অনুচ্ছেদটি অবলম্বনে পাঁচটি (5) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের উত্তর ত্রিশটি (30) শব্দের মধ্যে দিতে হবে। প্রতিটি প্রশ্নের নম্বর পাঁচ (5)।**

**(5x5=25)**

গৃহস্থালির ছোটো পরিধির মধ্যে মেয়েদের জীবন যখন আবদ্ধ ছিল তখন মেয়েলি মনের স্বাভাবিক প্রবৃত্তিগুলি নিয়ে সহজেই তাদের কাজ চলে যেত। এজন্যে তাদের বিশেষ শিক্ষার দরকার ছিল না বলেই একদিন স্ত্রীশিক্ষা নিয়ে এতই বিরুদ্ধতা এবং প্রহসনের সৃষ্টি হয়েছে। তখন পুরুষেরা নিজে যেসব সংস্কারকে উপেক্ষা করত, যেসব বিশ্বাস করত না, যেসকল আচরণ পালন করত না, মেয়েদের বেলায় সেগুলিকে সযত্নে প্রশ্রয় দিয়েছে। তার মূলে তাদের সেই মনোবৃত্তি ছিল যে মনোবৃত্তি একেশ্বর শাসনকর্তাদের। তারা জানে, অজ্ঞানের অন্ধ-সংস্কারের আবহাওয়া যথেচ্ছ শাসনের সুযোগ রচনা করে : মনুষ্যোচিত স্বাধিকার বিসর্জন দিয়েও সন্তুষ্টচিত্তে থাকবার পক্ষে এই মুগ্ধ অবস্থাই অনুকূল অবস্থা। আমাদের দেশের অনেক পুরুষের মনে আজও এই ভাব আছে। কিন্তু কালের সঙ্গে সংগ্রামে তাদের হার মানতেই হবে।

কালের প্রভাবে মেয়েদের জীবনের ক্ষেত্র এই যে স্বতঃই প্রসারিত হয়ে চলেছে এই যে মুক্ত সংসারের জগতে মেয়েরা আপনিই এসে পড়ছে, এতে করে আত্মরক্ষা এবং আত্মসম্মানের জন্যে তাদের বিশেষ করে বুদ্ধির চর্চা, বিদ্যার চর্চা, একান্ত আবশ্যক হয়ে উঠল। তাই দেখতে দেখতে এর বাধা দূর হয়ে চলেছে।

1. একসময়ে মেয়েদের বিশেষ শিক্ষার প্রয়োজন ছিল না কেন ?

www.examrace.com

2. স্ত্রীশিক্ষাকে ব্যঙ্গবিদ্রুপের বিষয় করা হত কেন ?

3. মেয়েদের সংস্কারপালনে পুরুষের উৎসাহদানের কারণ কি ?

www.examrace.com

4. পুরুষেরা স্ত্রীশিক্ষার বিরোধিতা করেছিলেন কেন ?

5. স্ত্রীশিক্ষা প্রসারের কারণ কি ?

www.examrace.com

## SECTION - II

**এই খণ্ডে পনেরোটি (15) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্ন পাঁচ (5) নম্বরের।** উত্তর **ত্রিশ (30) শব্দের** মধ্যে দিতে হবে। (5x15=75)

6. কৃত্তিবাসের **রামায়ণ** যে আক্ষরিক অনুবাদ নয় তার দুটি উদাহরণ দিন।

7. ভারতচন্দ্রের **অন্নদামঙ্গলে** দেবমহিমাকে খর্ব করা হয়েছে কি ?

www.examrace.com

8. শ্রীকৃষ্ণকীর্তনের নাট্যধর্মিতার পরিচয় দিন।

9. কৃষ্ণদাস কবিরাজের বৈষ্ণবোচিত বিনয় প্রকাশ পেয়েছে এমন দুটি দৃষ্টান্তের উল্লেখ করুন।

www.examrace.com

10. আওরঙ্গজেবের চিত্রপট দর্শনে রাজকন্যা চঞ্চলকুমারীর প্রতিক্রিয়া বর্ণনা করুন।

11. বঙ্কিমচন্দ্রের 'উত্তরচরিত' প্রবন্ধটি কোন গ্রন্থের সমালোচনা ? সমালোচনার কোন রীতিটি এখানে ব্যবহৃত হয়েছে ?

www.examrace.com

12. বলাকা-কাব্যের এক নং কবিতাটি কোন পত্রিকায় কখন প্রকাশিত হয়েছিল ? বলাকায় সর্ব মোট কটি কবিতা আছে ? মহাযুদ্ধের প্রসঙ্গ পাওয়া যায় কটি কবিতায় ?

13. সুনীতিকুমারকে অনুসরণ করে নন্দলাল বসুর শিল্পকৃতিত্বের পরিচয় দিন।

www.examrace.com

14. আত্মনিষ্ঠ সমালোচনা পদ্ধতির বিশেষত্ব বুঝিয়ে দিন।

15. অ্যারিস্টটল কাব্যের সত্য কে ইতিহাসের সত্য এর চাইতে মহত্তর বলেছেন কেন ?

www.examrace.com

16. বাংলা লিপির অপূর্ণতার পরিচয় দিন।

17. অর্থের অবনতি ঘটেছে এমন পাঁচটি শব্দের উল্লেখ করুন।

www.examrace.com

18. 'বাংলার ব্রত' অবলম্বনে ভাদুলি ব্রতের পরিচয় দিন।

19. 'পদ্মানদীর মাঝি' অবলম্বনে ময়নাদ্বীপের সীমানা নির্দেশ করুন।

www.examrace.com

20. টোপ-গল্পে জঙ্গলের ভিতর হান্টিং বাংলোর বাথরুমে স্নানের আয়োজন কেমন ছিল ?

## SECTION - III

এই খণ্ডে প্রত্যেক ঐচ্ছিক বিষয় থেকে পাঁচটি (5) করে প্রশ্ন আছে। পরীক্ষার্থীকে যে কোনো একটি বিষয় বেছে নিয়ে, তারই পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের পূর্ণমান বারো (12), এবং প্রতিটি উত্তরের শব্দসীমা দুশো (200)। (12x5=60)

### ঐচ্ছিক - 1

21. সদুক্তিকর্ণামৃত - এ পরবর্তী বাংলাসাহিত্যের কিছু আভাস পাওয়া যায় কি ?

22. বাংলায় উপনিষদীয় ভাবধারার প্রচার ও প্রসারে রামমোহনের ভূমিকা আলোচনা করুন।

23. সংস্কৃতসাহিত্যবিষয়ক প্রবন্ধগুলি অবলম্বনে বলেন্দ্রনাথের সাহিত্যচিন্তার পরিচয় দিন।

24. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে জয়দেবের প্রভাব আলোচনা করুন।

25. রামনারায়ণ ও মধুসূদনের নাটকে সংস্কৃত নাট্যরীতির প্রভাব নিরূপণ করুন।

www.examrace.com

## ঐচ্ছিক - II

**21.** 'পাশ্চাত্য সাহিত্যের সংস্পর্শে এসেই বাংলাসাহিত্যের বহুমুখী বিকাশ সম্ভব হয়েছে'। মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন।

**22.** জ্যোতিরিন্দ্র নাথের নাটকে **মলিয়রের** প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

**23.** রবীন্দ্রনাথের সাংকেতিক নাটকে মেটারলিংকের প্রভাব আলোচনা করুন।

**24.** বঙ্কিমচন্দ্রের প্রবন্ধচিন্তায় **মিল** ও **বেন্থামের** প্রেরণা নিরূপণ করুন।

**25.** **মেঘনাদবধকাব্যকে** গ্রীকরীতিতে লিখিত বাংলা মহাকাব্য বলা যায় কি ।

## ঐচ্ছিক - III

**21.** লোকসাহিত্য কাকে বলে ? লোকসাহিত্যের শ্রেণীবিভাগ করুন।

**22.** লোকসংস্কৃতির স্বরূপ সন্ধানে লোকসাহিত্যের আলোচনা অপরিহার্য - বুঝিয়ে দিন।

**23.** ছড়া কাকে বলে ? ছড়ার সঙ্গে প্রবাদের পার্থক্য নির্দেশ করুন এবং বিভিন্ন শ্রেণীর ছড়ার পরিচয় দিন।

**24.** **'লোকসাহিত্য অনিবার্য কারণেই আঞ্চলিকতার লক্ষণাক্রান্ত'** আলোচনা করুন ও মতামত দিন।

**25.** ছড়ার আলোচনায় রবীন্দ্রনাথের ছেলে ভুলানো ছড়া প্রবন্ধটির মূল্য ও প্রাসঙ্গিকতা বিচার করুন।

## ঐচ্ছিক - IV

**21.** **পুষ্পিকা** কাকে বলে ? প্রাচীন পুথিপাঠে পুষ্পিকার স্থান ও গুরুত্ব বিচার করুন।

**22.** প্রাচীন পুথির আসল ও নকল বিচার পদ্ধতির পরিচয় দিন।

**23.** রাজর্ষি উপন্যাস এবং **বিসর্জন** নাটকের মধ্যে গুণগত পরিবর্তনের মূলে রয়েছে নারীচরিত্রগুলির সংযোজন। আলোচনা করুন।

**24.** **'ছোট ইন্দিরা বড় হইয়াছে'**। এই উক্তির অনুসরণে উপন্যাসটির পরিণত রূপের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করুন।

**25.** রক্তকরবী-নাটকটির বিভিন্ন পাঠান্তরের মাধ্যমে যে গুণগত পরিবর্তন সাধিত হয়েছে, সে সম্পর্কে আলোচনা করুন।



www.examrace.com

## ঐচ্ছিক - V

21. কবিতার শিল্পরূপ ও ছন্দরস কীভাবে নান্দনিকতত্ত্বে পৌঁছে দেয় তা বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

22. বাংলা ছন্দের উদ্ভব ও ক্রমবিকাশের ধারায় চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, লোচনদাসের ধামালী, মেঘনাদবধ কাব্য, এবং বলাকা ও পুনশ্চকাব্যের গুরুত্ব নির্দেশ করুন।

23. মুক্তা ও রুদ্ধদলের উচ্চারণ বাংলা ছন্দের প্রকৃতি বা রীতি এবং ধ্বনিগুচ্ছ বা পর্ব ও পদপংক্তি, তার রূপবৈচিত্র নিয়ন্ত্রণ করে। উদাহরণ ব্যাখ্যা করুন।

24. মধুসূদনের অমিত্রাক্ষর বা অমিলপ্রবহমান পয়ারের ক্রমপরিণতি বাংলা গদ্য কবিতায়। এই অভিমতের অন্তর্নিহিত অর্থটি বুঝিয়ে দিন।

25. বাংলাছন্দের রীতি ও রূপ নিয়ে রবীন্দ্রনাথের চিন্তন মননের বিষয়ে আলোচনা করুন।

www.examrace.com

## SECTION - IV

এই খণ্ডে নিম্নলিখিত যে কোনো একটি বিষয় অবলম্বনে ন্যূনাধিক এক হাজার (1000) শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করতে হবে। প্রবন্ধটির পূর্ণমান চল্লিশ (40)।

(40x1=40 )

26. (a) প্রাগাধুনিক বাংলা সাহিত্য ও আধুনিক পাঠক

(b) বিশ্বায়ন এবং বাংলাভাষা ও সাহিত্য

(c) বাংলা সাহিত্যে ভারতীয়তা

www.examrace.com

| FOR OFFICE USE ONLY | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **Marks Obtained** | | | | | | | |
| Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained |
| 1 | | 26 | | 51 | | 76 | |
| 2 | | 27 | | 52 | | 77 | |
| 3 | | 28 | | 53 | | 78 | |
| 4 | | 29 | | 54 | | 79 | |
| 5 | | 30 | | 55 | | 80 | |
| 6 | | 31 | | 56 | | 81 | |
| 7 | | 32 | | 57 | | 82 | |
| 8 | | 33 | | 58 | | 83 | |
| 9 | | 34 | | 59 | | 84 | |
| 10 | | 35 | | 60 | | 85 | |
| 11 | | 36 | | 61 | | 86 | |
| 12 | | 37 | | 62 | | 87 | |
| 13 | | 38 | | 63 | | 88 | |
| 14 | | 39 | | 64 | | 89 | |
| 15 | | 40 | | 65 | | 90 | |
| 16 | | 41 | | 66 | | 91 | |
| 17 | | 42 | | 67 | | 92 | |
| 18 | | 43 | | 68 | | 93 | |
| 19 | | 44 | | 69 | | 94 | |
| 20 | | 45 | | 70 | | 95 | |
| 21 | | 46 | | 71 | | 96 | |
| 22 | | 47 | | 72 | | 97 | |
| 23 | | 48 | | 73 | | 98 | |
| 24 | | 49 | | 74 | | 99 | |
| 25 | | 50 | | 75 | | 100 | |

Total Marks Obtained (in words) ..................................

(in figures) ..................................

Signature & Name of the Coordinator ..............................

(Evaluation) Date ..............................

www.examrace.com